

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৪৭৮৪

খোয়াই, ৩১, জানুয়ারি, ২০২৪

খোয়াই মহকুমার ভারত-বাংলাদেশ সীমান্ত এলাকায় ১৪৪ ধারা জারি

সীমান্ত এলাকায় শান্তি ও সুস্থিতি রক্ষায় খোয়াই জেলার অন্তর্গত খোয়াই মহকুমার ভারত-বাংলাদেশ সীমান্ত থেকে ৫০০ মিটার এলাকায় ১৪৪ ধারা জারি করা হয়েছে ও জনসাধারণের চলাচলে কিছু বিধিনিষেধ আরোপ করা হয়েছে। জেলার জেলাশাসক চাঁদনী চন্দ্রন এক আদেশে জানিয়েছেন, ৩০ জানুয়ারি ২০২৪ থেকে ২৯ মার্চ ২০২৪ রাত্রি ৮টা থেকে পরদিন ভোর ৫ টা পর্যন্ত এই বিধি নিষেধ বলবৎ থাকবে। জেলাশাসক আদেশে জানিয়েছেন, আইন শৃঙ্খলারক্ষার কাজে নিযুক্ত মিলিটারি, প্যারামিলিটারি ফোর্স এবং রাজ্য পুলিশের কর্মীদের ক্ষেত্রে, জেলার এস পি এবং খোয়াই মহকুমার মহকুমা শাসকের বৈধ অনুমতিপত্র প্রাপ্ত ব্যক্তির ক্ষেত্রে, অফিসের জরুরী কাজে নিযুক্ত ব্যক্তির ক্ষেত্রে এবং এখনই চিকিৎসার প্রয়োজন এমন ব্যক্তির ক্ষেত্রে বিধি নিষেধে ছাড় রয়েছে। এই আদেশ অমান্যকারীর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

\*\*\*\*\*